



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।  
[www.ntrca.gov.bd](http://www.ntrca.gov.bd)



## প্রেস রিলিজ

২৩ এপ্রিল ২০২৬

- বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রধান পদে ১১,১৫১ টি শূন্যপদের বিপরীতে “৮ম এনটিআরসিএ নিয়োগ পরীক্ষা-২০২৬ (সংশোধিত)” বিজ্ঞপ্তি গত ২৫ মার্চ ২০২৬ তারিখে প্রকাশিত হয়।
- এনটিআরসিএ-এর ব্যবস্থাপনায় গত ১৮ এপ্রিল ২০২৬ তারিখে “৮ম এনটিআরসিএ নিয়োগ পরীক্ষা-২০২৬ (প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রধান)” এর MCQ পরীক্ষা ঢাকায় ০৯ (নয়) টি ভেনুতে ০৪ (চার) টি স্লটে অনুষ্ঠিত হয়।
- উক্ত পরীক্ষায় মোট ৫৩,০৬৯ জন প্রার্থী অনলাইনে আবেদন করেন এবং পরীক্ষায় অংশগ্রহণকারী সংখ্যা ৪৮,১৪৬ জন।
- গত ২২ এপ্রিল ২০২৬ তারিখে “৮ম এনটিআরসিএ নিয়োগ পরীক্ষা-২০২৬ (প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রধান)” এর MCQ পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়।
- উক্ত পরীক্ষায় উত্তীর্ণ মোট পরীক্ষার্থীর সংখ্যা ১৪,৯৪২ জন।
- পদভিত্তিক উত্তীর্ণ পরীক্ষার্থীদের রোল নম্বর (মেধাক্রম অনুযায়ী নয়) এনটিআরসিএ-এর ওয়েবসাইট ([www.ntrca.gov.bd](http://www.ntrca.gov.bd))-এ প্রকাশ করা হয়েছে।
- উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার বিস্তারিত সময়সূচি এনটিআরসিএ-এর ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

—বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)